

কপি বন্ধ করুন (২য় টিউন)

টিউন করেছেন : [এ এম আরাফাত হায়দার](#) | প্রকাশিত হয়েছে : ১৭ জুলাই, ২০১১ | ৪৪৭ বার দেখা হয়েছে | ❤️ 18

আসসালামু আলাইকুম। কেমন আছেন সবাই? আশা করি আল্লাহর রহমতে সবাই ভাল আছেন।

আমার আগের টিউনে দেখিয়েছিলাম কিভাবে কাট, কপি, মুভ, ডিলিট, সেন্ড টু অপশনগুলো অফ-অন করার মাধ্যমে কপি করা বন্ধ করা যায়। কিন্তু আমাদের টেকটিউনের এক্সপার্ট ভিজিটররা Drag and Drop পদ্ধতিতে কপি কিভাবে অফ করা যায় সে সিস্টেম জানতে চেয়েছিলেন। আমি আপনাদের কথা দিয়েছিলাম এ বিষয়ে একটা টিউন করব। কিন্তু আমি Google এ অনেক সার্চ করেও Drag and Drop অপশনটি বন্ধ করার কোন উপায় বের করতে পারিনি।

তবে আজ আমি আপনাদের একটি ছোট টিউন উপহার দিতে যাচ্ছি, যেটা পেন ড্রাইভসহ সকল USB Storage Device কে Write Protected করে দেবে। Write Protected করার ফলে আপনি পেন ড্রাইভ থেকে কোন ডাটা পিসিতে কপি করতে পারবেন কিন্তু পিসি থেকে পেন ড্রাইভে কোন ডাটা সেন্ড করতে পারবেন না।

Write Protect এনাবল করতে হলে আপনাকে যা করতে হবে-

Run এ গিয়ে regedit লিখে Enter প্রেস করুন। Registry Editor চালু হলে Ctrl+F চাপুন। Find What বক্সে StorageDevicePolicies লিখে Find Next এ ক্লিক করুন। এবার ডান পাশের প্যান থেকে WriteProtect এর উপর ডান বাটনে ক্লিক করে Modify এ ক্লিক করুন। এখার থেকে Value Data, 0 থেকে 1 করে দিন। এতকিছু করতে না চাইলে নিচের লাইনগুলি একটি নোটপ্যাডে লিখে writeenable.reg নামে সেভ করুন। তারপর ফাইলটির উপর ডাবল ক্লিক করুন। ব্যাস এখন ওকে করুন।

Windows Registry Editor Version 5.00

```
[HKEY_LOCAL_MACHINE\SYSTEM\CurrentControlSet\Control\StorageDevicePolicies]
```

```
"WriteProtect"=dword:00000000
```

এখন একটি পেন ড্রাইভ লাগিয়ে দেখুন কাজ করে কিনা।

Write Protect অফ করতে হলে নিচের লাইন গুলো আরেকটি নোটপ্যাডে লিখে writedisable.reg নামে সেভ করে ডাবল ক্লিক করুন অথবা উপরের পদ্ধতিতে Value Data, 1 থেকে 0 করে দিন।

Windows Registry Editor Version 5.00

```
[HKEY_LOCAL_MACHINE\SYSTEM\CurrentControlSet\Control\StorageDevicePolicies]
```

```
"WriteProtect"=dword:00000001
```

সেন্ড টু এবং কপি বন্ধ করা বিষয়ে আগের টিউনটি দেখতে এখানে <http://techtunes.com.bd/tips-and-tricks/tune-id/tips-and-tricks/tune-id/75712/> ক্লিক করুন।

>>সবাই ভালো থাকবেন, সুস্থ থাকবেন এই কামনায় শেষ করছি। আল্লাহ হাফিজ।<<